Ashwin 26, 1424 Bangla, October 11, 2017, Wednesday, No. 280, 47th year

H I G H L I G H T S

Foreign Minister says, Myanmar's proposal to take back Rohingyas from Bangladesh may be a tactics to reduce international pressure. (BBC: 2)

He doubts, through its own verification process, Myanmar may delay implementation of Annan Commission recommendation & limit number of Rohingyas eligible to be repatriated citing different excuses. (BBC: 2)

UNHCR has taken highest cautionary preparedness fearing more Rohingya exodus - Rohingya influx in Bangladesh rises in last few days as degree of atrocities has increased in Rakhine. (VOA: 6)

Govt. starts massive cholera immunization campaign at Ukhiya & Teknaf of Cox's Bazar fearing an epidemic of disease among newly arrived Rohingyas. (BBC: 5)

CJ seeks President's nod to visit Australia from October 13 to November 10 to receive treatment. (R. Tehran: 6)

BNP expresses doubts whether CJ will return to his post after his leave - alleges, AL is reestablishing 'Bakshal' in different manner as it wants to stay in power. (R. Today: 10)

Meanwhile, BNP & its associate's bodies demonstrate across country protesting arrest warrant against its chief.(R. Today: 10)

Detained top Jamaat leaders including its ameer have been placed on 10-day police remand - meanwhile, the party calls countrywide dawn-to-dusk hartal tomorrow protesting arrest. (BBC: 3, VOA: 6)

During talks with EC, Bikalpadhara Bangladesh gives 13-point proposal including army deployment & formation of poll-time govt. comprising 9th parliament members for credible JS poll. (R. Tehran:7)

Catalan regional president Carles Puigdemont has signed declaration of independence but suspended it to give space for dialogue with Spanish central govt. (BBC: 2)

BBC

CATALAN PRESIDENT SIGNS DECLARATION OF INDEPENDENCE

In a special ceremony in the Catalan capital, Barcelona, the regional President Carles Puigdemont has signed a declaration of independence but suspended its cessation to give space for dialogue with the Spanish central government. It is not clear whether the document has any legal status as the independence referendum held nine days ago was banned by the constitutional court. (BBC: 0600 hrs. 11-10-17 Motaleb/Sajib)

SPAIN'S DEPUTY PM REJECTS CATALAN'S DECLARATION OF INDEPENDENCE

Spain's Deputy Prime Minister S. Maria has rejected Mr. Puigdemont's declaration of independence repeating Madrid's argument that the popular votes have been illegal. In a statement S. Maria said, Carlos Puigdemont's speech was that of a man who does not know where he is and where he is going. The Cabinet will hold a meeting in Wednesday morning to discuss its next step. (BBC: 0600 hrs. 11-10-17 Motaleb/Sajib)

TENSION MOUNTING IN BARCELONA

Tension is mounting in Barcelona as Catalonia's President prepares to address the region's parliament in the wake of a disputed referendum on independence from Spain. There is intense speculation in the country that the Catalan parliament could vote to declare independence unilaterally. Madrid says the referendum was illegal. The President of European Council Donald Tusk has appealed to Catalan President to respect Spain's constitutional order. He urged Carles Puigdemont not to make a decision that would make a dialogue impossible. (BBC: 2100 hrs. 10-10-17 Motaleb/Sajib)

ODENGA WITHDRAWS FROM RERUN OF KENYA'S PRESIDENTIAL ELECTION

Kenya's opposition leader Raila Odinga has withdrawn from the re-run of August presidential election which was annulled by the Supreme Court. The poll was due to take place on October the 26th. President Uhuru Kenyatta says, he is ready for the vote with or without Mr. Odinga. (BBC: 2100 hrs. 10-10-17 Motaleb/Sajib)

OVER 11000 ROHINGYA CROSS INTO BANGLADESH ON MONDAY

The United Nations says, more than eleven thousand Rohingya Muslim refugees crossed into Bangladesh on Monday fleeing from violence in Myanmar. The figgure represents huge increase on average from last week. (BBC: 2100 hrs. 10-10-17 Motaleb/Sajib)

FATAH-HAMAS TALKS BEGIN IN CAIRO

The two main Palestinian factions Fatah and Hamas started round of talks in Cairo aimed at ending long running dispute between them. It follows last month's agreement by Hamas which rules Gaza to handover power there to Fatah backed government in the West Bank. (BBC: 2100 hrs. 10-10-17 Motaleb/Sajib)

সচেতনভাবেই মিয়ানমারকে তারা রোহিঙ্গা শূন্য করছে : পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী বলেছেন, রোহিঙ্গাদের নাগরিকত্ব নিশ্চিত করে, তারপর তাদের ফিরিয়ে নেওয়ার যে প্রস্তাব করেছে মিয়ানমার, তা আসলে আন্তর্জাতিক চাপ এড়াতে এটা তাদের একটি কৌশল হতে পারে। জাতিসংঘ যখন বলছে, এখনও প্রচুর সংখ্যক রোহিঙ্গা বাংলাদেশে আসছে, তখন তিনি বলছেন, মিয়ানমার তার বেশিরভাগ রোহিঙ্গাকে ঠেলে ইতোমধ্যেই বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে। মি. আলির মতে, সচেতনভাবেই মিয়ানমারকে তারা রোহিঙ্গা শূন্য করছে। জাতিসংঘ বলছে, গতকাল প্রায় এগার হাজার রোহিঙ্গা বাংলাদেশে ঢুকেছে। ঢাকা থেকে শাহনাজ পারভীন :

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী ঢাকায় একটি আলোচনা অনুষ্ঠানে মিয়ানমারের দেওয়া প্রস্তাব নিয়ে বেশ খোলাখুলি তার হতাশা প্রকাশ করেছেন। তিনি বলছেন, আন্তর্জাতিক চাপ যদি অব্যাহত না থাকে তাহলে মিয়ানমার সমস্যা সমাধানে আদৌ উদ্যোগী হবে কি-না, সে নিয়ে তিনি সন্দেহ প্রকাশ করেছেন। মি. আলী, (স্বকণ্ঠে): রোহিঙ্গাদের আংশিক ফিরিয়ে নেওয়ার প্রস্তাব মিয়ানমারের উপর আন্তর্জাতিক উদ্বেগ ও চাপ প্রশমিত করার কৌশল হতে পারে। মিয়ানমার নিজস্ব বাছাই প্রক্রিয়ার মাধ্যমে যুদ্ধ প্রত্যাবাসন প্রত্যাশীদের সংখ্যা সীমিত করার ও নানা অজুহাতে কফি আনান কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন বিলম্বিত করতে পারে। প্রত্যাবাসন একটি জটিল ও দীর্ঘমেয়াদী প্রক্রিয়া। আন্তর্জাতিক মহলের নজরদারী ও সহযোগিতা ছাড়া মিয়ানমারকে দীর্ঘমেয়াদী রোহিঙ্গাকে প্রত্যাবাসনে আগ্রহী রাখা কঠিন হবে।

কয়েকদিন আগে বাংলাদেশ সফরে এসে মিয়ানমারের একজন মন্ত্রী প্রস্তাব দিয়ে গেছেন, ১৯৯২ সালে করা প্রত্যাবাসন চুক্তির আওতায় বাছাইয়ের পর রোহিঙ্গাদের নাগরিকত্ব নিশ্চিত করে, তারপরেই রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে চায় মিয়ানমার।

মিয়ানমারের নেত্রী অং সান সু চিও দেশটির পার্লামেন্টে দেওয়া এক ভাষণে এ প্রস্তাব তুলে ধরেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলছেন, রাখাইনে বসবাসরত ১৮ লক্ষ রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে ৯ লাখের বেশি রোহিঙ্গাকে ইতোমধ্যেই মিয়ানমার বিভিন্ন অজুহাতে বাংলাদেশে ঠেলে পাঠিয়ে দিয়েছে।

মি. আলী : মিয়ানমারের উত্তর রাখাইনে বসবাসরত প্রায় ১৭/১৮ লক্ষ রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে ৯ লক্ষেরও বেশি রোহিঙ্গাদের এ পর্যন্ত বিভিন্ন অজুহাতে বাংলাদেশে ঠেলে দেওয়া হয়েছে। আরও চার লক্ষ রোহিঙ্গা বিভিন্ন দেশে বসবাস করছে। কার্যতঃ মিয়ানমারে আর হয়ত চার থেকে পাঁচ লাখ রোহিঙ্গা অবশিষ্ট রয়েছে।

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আরও বলেছেন, ২৫শে আগস্টের পর থেকে তিন হাজারের মতো রোহিঙ্গা মুসলিম সেখানে নিহত হয়েছেন। তবে সে নিয়ে আর বিস্তারিত ব্যাখ্যা তিনি দেননি। রোহিঙ্গাদের ফিরিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে বাংলাদেশ এতদিন মিয়ানমারের সাথে দ্বিপাক্ষিকভাবে সমাধানের চেষ্টা চালিয়েছে যা কোন ফল বয়ে আনেনি। বাংলাদেশ সাম্প্রতিক সময়ে তার কৌশল পরিবর্তন করেছে এবং জাতিসংঘে বেশ সফলভাবে নিজের অবস্থান তুলে ধরতে পেরেছে। কিন্তু শরণার্থীদের নিয়ে কাজ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক রোজানা রশীদ বলছেন, বাংলাদেশকে অবশ্যই যে দেশগুলোর সাথে মিয়ানমারের সম্পর্ক ভালো অর্থাৎ চীন, রাশিয়া ও ভারতের অবস্থান পরিবর্তনে কাজ করতে হবে। মিসেস রশীদ, (স্বকণ্ঠে): এ দেশগুলোর মিয়ানমারের সাথে সম্পর্ক ভালো, যাদের এখনও স্ট্র্যাটেজিক ইন্টারেস্ট আছে ঐ জায়গাতে, এ কারণে এ ধরনের এক্সপালসন ঘটছে, সে দেশগুলোর সাথে দ্বিপাক্ষিক আলোচনায় বাংলাদেশের বসা উচিত। আমি আরও স্পষ্ট করে বলি, চায়না, ইন্ডিয়া, রাশিয়া যাদের এ জায়গাটাতে একটা ইন্টারেস্ট আছে পলিটিক্যাল এবং ইকনোমিক, তারা কী ভাবছে, তারা তাদের মতামত চেঞ্জ করবে কি-না, তারা মিয়ানমারের সাথে কোন ধরনের সমঝোতায় যাবে কি-না, এ বিষয়গুলোতে আরেকটু বাংলাদেশের মনোযোগী হওয়া উচিত।

তিনি আরও বলছেন, মিয়ানমারে যে রোহিঙ্গাদের গণহত্যা চলছে, আন্তর্জাতিক মহলে এই ইস্যুতে চাপ দিয়ে মিয়ানমারকে কাঠগড়ায় দাঁড় করানো বাংলাদেশের কৌশল হওয়া উচিত। আর সেই সাথে রোহিঙ্গাদের শরণার্থী হিসেবেই তুলে ধরতে হবে, যা না করে ভুল করছে বাংলাদেশ। ২৫শে আগস্ট রাখাইনে নতুন করে সেনাবাহিনীর অভিযান শুরুর পর থেকে সাড়ে পাঁচ লাখের মতো রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করেছে, নতুন করে আবারও রোহিঙ্গাদের বাংলাদেশে আসার সংখ্যা বাড়ছে। বিভিন্ন সূত্রের বরাত দিয়ে জাতিসংঘ শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর বলছে, শুধু সোমবারই এগার হাজারের মতো রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করেছে। (বিবিসি: ১৯.৩০ ঘ. ১০/১০/১৭ ফারুক/আশরাফ)

জামায়াতের শীর্ষ আট নেতার বিরুদ্ধে দশদিনের রিমান্ড মঞ্জুর

বাংলাদেশে জামায়াতে ইসলামীর শীর্ষস্থানীয় আটজন নেতাকে পুলিশ মঙ্গলবার আদালতে হাজির করে তাদের প্রত্যেককে কুড়িদিন করে রিমান্ডে নিতে চাইলে আদালত তাদের দশদিনের রিমান্ড মঞ্জুর করেছেন। পুলিশ বলছে, দলটির আমির মকবুল আহমাদ ও সেক্রেটারি জেনারেল শফিকুর রহমানসহ এই নেতারা নাশকতার পরিকল্পনা করছিলেন। এ অভিযোগেই গতকাল রাতে ঢাকার উত্তরায় একটি বাড়িতে আকস্মিক অভিযান চালিয়ে নয়জনকে গ্রেফতার করা হয়। জামায়াতে ইসলামী বলছে, তাদেরকে ধ্বংসের পরিকল্পনা হিসেবে দলটির শীর্ষ নেতাদের গ্রেফতার করা হয়েছে। ঢাকা থেকে আকবর হোসেন :

গতরাতে তাদের আটক করার পর, মঙ্গলবার জামায়াতে ইসলামীর আমীর মকবুল আহমাদ এবং এর সেক্রেটারি জেনারেল শফিকুর রহমানসহ শীর্ষ নেতাকে মঙ্গলবার আদালতে নেওয়া হয় এবং সেখানে আদালতে নিলে তাদেরকে দু'টি মামলায় তাদের জন্য রিমান্ড চাওয়া হয়েছে এবং পুলিশের দিক থেকে রিমান্ড চাওয়া হয়েছে এ কারণে যে, তাদের বিরুদ্ধে যে মামলা দায়ের করা হয়েছে এবং পূর্বের যে মামলা আছে, পুলিশ বলছে, এগুলো জিজ্ঞাসাবাদের জন্য তাদের রিমান্ডে নেওয়া প্রয়োজন। সে কারণেই তাদেরকে রিমান্ড চাওয়া হয়েছে এবং এরইমধ্যে বাংলাদেশে পুলিশ প্রধান এ কে এম শহীদুল হক জানিয়েছেন, জামায়াত নেতাদের জিজ্ঞাসাবাদের মাধ্যমে যদি নতুন কোন তথ্য পাওয়া যায়, তাদের সম্পৃক্ততায় কোন বিষয়ে কোন সন্দেহ তৈরী হয়, তাহলে সেক্ষেত্রে নতুন করে আবার মামলা দায়েরও হতে পারে, এমন কথাও তিনি জানিয়েছেন এবং পুলিশ যেটি বলছে যে, জামায়াতের নেতারা রোহিঙ্গা সঙ্কটকে কাজে লাগিয়ে কোন ধরনের অস্থিরতা তৈরি করার চেষ্টা করছেন কি-না, সে বিষয়টিও খতিয়ে দেখা হবে।

জামায়াতে ইসলামীর নেতাদের দিক থেকে তারা তো গণমাধ্যমের মুখোমুখি হন না এবং তারা সবাই আত্মগোপনেই আছেন। তবে জামায়াতে ইসলামীর যে ওয়েবসাইট, সেখানে একটি বিবৃতির মাধ্যমে জানানো হয়েছে যে, তাদের ভাষায় সরকার জামায়াতে ইসলামীকে ধ্বংসের জন্যই তাদের সরকারের যে পরিকল্পনা, সেই ধারাবাহিকতায়ই এ জামায়াতের শীর্ষ নেতাদেরকে আটক করা হয়েছে এবং মঙ্গলবার জামায়াত একটি বিক্ষোভ কর্মসূচিও ঘোষণা করেছিল দেশের বিভিন্ন জায়গায় শীর্ষ নেতাদের আটকের প্রতিবাদে। বিভিন্ন জায়গায় কথাবার্তা বলে যেটুকু মনে হচ্ছে যে, এর সঙ্গে রাজনৈতিক একটি ব্যাপার হয়ত বা জড়িত থাকতে পারে এবং জামায়াতের রাজনীতি যারা পর্যবেক্ষণ করেন তারাও বিষয়টাকে সেভাবেই দেখছেন। তারা বলছেন যে, জামায়াতে ইসলামীর প্রকাশ্যে কোন রাজনৈতিক তৎপরতা না থাকলেও, তারা নীরবে কিংবা গোপনে তাদের দলের কর্মকাণ্ড ঠিকই চালিয়ে যাচ্ছিলেন এবং আগামী নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশের বিভিন্ন জেলায় তাদের প্রার্থী চূড়ান্ত করার বিষয়টিও তারা ভাবছিলেন। জামায়াতে ইসলামী নির্বাচন কমিশনের দৃষ্টিতে, নির্বাচন কমিশনের কাছে তাদের নিবন্ধন

নেই, সে অনুযায়ী তারা নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না। কিন্তু দল হিসেবে বাংলাদেশে তারা নিষিদ্ধ নয়। জামায়াতে ইসলামী মনে করছে, আগামী নির্বাচনে কোন না কোনভাবে তাদের দলের একটা সম্পৃক্ততা থাকা উচিত, দলের নেতাদের থাকা উচিত। তারা যদি সেক্ষেত্রে দলীয়ভাবে অংশগ্রহণ করতে না পারে, তাহলে যে সব জায়গায় তারা প্রার্থী বাছাই করছে, ভাবছে, তাদেরকে কীভাবে নির্বাচনে কাজে লাগানো যায়, সে ধরনের প্রস্তুতি তারা নিচ্ছিলেন। সুতরাং, সরকার মনে করছিল যে এক ধরনের তৎপরতা যেহেতু চলছে জামায়াতে ইসলামীর দিক থেকে, সেজন্য সরকার জামায়াতে ইসলামীর সেই তৎপরতাগুলোকে বন্ধ করার জন্যই এ ধরনের একটা গ্রেফতার অভিযানে গেছে। এমনটাই জামায়াতের সঙ্গে সংশ্লিষ্ট অনেকে মনে করছেন। (বিবিসি: ১৯.৩০ ঘ. ১০/১০/১৭ ফারুক/আশরাফ)

বাংলাদেশে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

বিশ্বজুড়ে মঙ্গলবার পালিত হয়েছে মানসিক স্বাস্থ্য দিবস যাতে এবার গুরুত্ব দেওয়া হয়েছে কর্মস্থলে মানসিক স্বাস্থ্যের বিষয়টিতে। কিন্তু বাংলাদেশে নামী-দামী কিছু প্রতিষ্ঠান ছাড়া অধিকাংশ প্রতিষ্ঠানে এ বিষয়টির দিকে গুরুত্ব দেওয়া হয় না। বিশেষজ্ঞরা বলছেন, অতিরিক্ত কাজের চাপসহ কর্মস্থলে নানা সমস্যা কর্মীদের হতাশা কিংবা বিষণ্নতার দিকে ঠেলে দিচ্ছে। অনেকেই বলছেন, কর্মস্থলে মানসিক চাপ প্রভাব ফেলছে তাদের ব্যক্তি ও পারিবারিক জীবনেও। ঢাকা থেকে রাকিব হাসনাত : কাজের অতিরিক্ত চাপ, যথাযথ মূল্যায়ন না পাওয়া এবং এ ধরনের সমস্যাগুলো থেকেই কর্মস্থলে যে মানসিক চাপ তৈরি হয়, তা একজন চাকুরীজীবীদের উপর প্রচুর প্রভাব ফেলে। কাজের চাপ থেকে উদ্বেগ, উৎকণ্ঠা কিংবা বিষণ্নতার মতো সমস্যা তৈরি হয়। বাংলাদেশে তৈরি পোশাক খাত বা এ ধরনের কিছু শিল্প কারখানার বাইরে গত কয়েক দশকে গণমাধ্যম ও ব্যাংকিং খাতের ব্যাপক বিকাশ হলেও, উভয়খাতেই কর্মীদের অতিরিক্ত কাজ করতে বাধ্য করার অভিযোগ রয়েছে। তবে দেশের সুপরিচিত কিছু কোম্পানী ও সংস্থা কর্মীদের আনন্দময় কাজের পরিবেশ নিশ্চিত করতে কিছু পদক্ষেপ নিতেও শুরু করেছে। কিন্তু যে সব প্রতিষ্ঠানের কর্মীদের অতিরিক্ত কাজের চাপে কিংবা ভালো কর্ম পরিবেশের অভাবে মানসিক যন্ত্রণায় ভুগতে হচ্ছে, বাংলাদেশের জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের সাবেক প্রধান অধ্যাপক ওয়াজিল আলম জানান, কর্মস্থলে বিশ্রামের সুযোগ, খাবার সরবরাহ, অতিরিক্ত কাজের জন্য অতিরিক্ত অর্থ দেওয়া এবং বিনোদনের আয়োজনের মাধ্যমে চাকুরী দাতা ও কর্মী উভয় মিলেই কর্মক্ষেত্রকে মানসিক স্বাস্থ্যবান্ধব করে তুলতে পারেন।
(বিবিসি: ১৯.৩০ ঘ. ১০/১০/১৭ ফারুক/আশরাফ)

বিসিআইএম অর্থনৈতিক করিডোরকে কেন্দ্র করে ঢাকা ও দিল্লীর মধ্যে মতপার্থক্য তৈরি হয়েছে

বাংলাদেশ, চীন, ভারত ও মিয়ানমারের মধ্য দিয়ে প্রস্তাবিত বিসিআইএম অর্থনৈতিক করিডোরকে কেন্দ্র করে দিল্লী ও ঢাকার মধ্যে তীব্র মতপার্থক্য তৈরি হয়েছে। এ করিডোরটিকে চীন তাদের উচ্চাভিলাষী বেল্ট রোড ইনিশিয়েটিভের অংশ হিসেবে দেখাতে চায়। কিন্তু বেল্ট রোড পাকিস্তান শাসিত কাশ্মীরের ভেতর দিয়ে যাচ্ছে এ যুক্তিতে ভারত তা আগেই প্রত্যাখ্যান করেছে। ভারত মনে করে, এটি তাদের সার্বভৌমত্বের সাথে আপোস। কিন্তু বাংলাদেশের পররাষ্ট্র সচিব শহিদুল হক গত সপ্তাহে দিল্লী সফরে গিয়ে বলেছেন, তার দেশের কাছে সার্বভৌমত্বের চেয়ে অর্থনীতির দাবি আগে। দিল্লী থেকে বিস্তারিত জানাচ্ছেন শুভজ্যোতি ঘোষ :

গত ৮-৯ বছরে ভারত ও বাংলাদেশ মিলে প্রায় শতাধিক কানেক্টিভিটি প্রকল্প বাস্তবায়ন করার পর এখনও এখন বিসিআইএম করিডোরকে ঘিরে দু'টো দেশ সম্পূর্ণ ভিন্ন অবস্থান নিয়েছে। আর তার মূলে আছে এ প্রকল্পে চীনের ভূমিকা। বিতর্কিত কাশ্মীর এলাকার মধ্য দিয়ে যাচ্ছে বলে চীনের বেল্ট রোড ইনিশিয়েটিভ থেকে ভারত গত মে মাসে নিজেদের সরিয়ে নিয়েছিল। আর বিসিআইএম যেহেতু চীনের সেই উদ্যোগেরই অংশ তাই ভারত সেখানেও শীতল মনোভাব দেখাচ্ছে। দিল্লীর ইন্ডিয়া ইকনোমিক সামিটের মঞ্চে কিন্তু বাংলাদেশের পররাষ্ট্র সচিব পরিষ্কার করে দিয়েছেন, তারা বিষয়টিকে ভারতের মত করে দেখছেন না। শহিদুল হক বলছেন, সার্বভৌমত্ব অবশ্যই গুরুত্বপূর্ণ। কিন্তু ভৌগোলিক ও অন্যভাবে যেহেতু আমরা ছোট দেশ তাই সেই সীমাবদ্ধতা দূর করতে হলে আমাদের বাকি দুনিয়ার সাথে সংযোগ স্থাপন করতেই হবে। তাই আমাদের উন্নয়নে অনেক আগে নিজেদের দরজা খুলে দিয়েছি। শেখ হাসিনা সরকারের নীতিও খুব স্পষ্ট, দেশের মানুষের স্বার্থেই আমাদের সংযুক্ত হতে হবে। সার্বভৌমত্বের নামে আমরা বিচ্ছিন্ন থাকব তা হতে পারে না। তবে চীনের প্রতি ইঙ্গিত করে ভারতের সাবেক কূটনীতিক তথা সহকারী জাতীয় নিরাপত্তা উপদেষ্টা লীলা পুনাক্কা বলছেন, একটা বহুপাক্ষিক প্রকল্পে কোন বিশেষ অংশে কেউ আধিপত্য দেখাবে এটা ভারতের পক্ষে মানা সম্ভব নয়। মিস পুনাক্কার যুক্তির ঠিক এ কারণেই চীনের বেল্ট রোড ইনিশিয়েটিভ নিয়ে ভারত ধীরে-সুস্থে এগোতে চায়। কারণ ইউরোপের অভিজ্ঞতা আমাদের বলে, ঠিকমত জমি প্রস্তুত না করে, সবাইকে তৈরি হওয়ার সময় না দিয়ে যদি এগোনো হয় তাহলে দারুণ পরিকল্পনাও মুখথুবড়ে পরে। সার্বভৌমত্বের প্রশ্নই এখন বড় হয়ে উঠে। বিসিআইএম করিডোরকে যে বেল্ট রোড ইনিশিয়েটিভের অংশ হিসেবে দেখা হচ্ছে না, চীন এটা স্পষ্টভাবে বললেই হয়ত এই সমস্যা সমাধান হতে পাও বলে মনে করছেন দিল্লীতে আসিয়ান ইন্ডিয়া সেন্টারের প্রধান ড. প্রবীর দে। বেল্ট রোডের অনেক আগে থেকেই যে বিসিআইএম নিয়ে আলোচনা চলছে সে কথাটাও মনে করিয়ে দিচ্ছেন তিনি, (স্বকণ্ঠে): বেল্ট রোড ইনিশিয়েটিভ তো ৫ থেকে ৬ বছর আগের। আর বিসিআইএম ইকনোমিক করিডোর-এর আলোচনা শুরু হয়

১৯৯৭ সালে। ২০ বছর আগে থেকে এ ডিস্কাশনটা চলছে। এটা ছিল রোড নেটওয়ার্ক। তার আগে ছিল ট্রান্সপোর্ট করিডোর। বাংলাদেশের তো আর চায়নার সাথে বর্ডার নেই।

একই ভাবনার শরীক শহিদুল হকও। তিনিও বলছেন, বেল্ট রোডের চেয়ে বিসিআইএম-এর ভাবনা আসলেই অনেক বেশি পুরনো। কিন্তু চীনের নতুন পরিকল্পনা এখন সেই আলোচনাকেই থমকে দিয়েছে। প্রস্তাবিত করিডোরে দুই গুরুত্বপূর্ণ শরীক দেশ ভারত ও বাংলাদেশ সার্বভৌমত্বের প্রশ্ন টেনে একমত হতে পারছে না। অন্যভাবে বললে, বিতর্কিত কাশ্মীরের ছায়া পড়ায় আপাততঃ আটকে গেছে কোলকাতা-ঢাকা মান্দালি কুর্মিংয়ের সেতুবন্ধন।

(বিবিসি: ১৯.৩০ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আশরাফ)

তিন দশক পর বাংলাদেশে আবারও বসছে এশিয়া কাপ হকির আসর

তিন দশকেরও বেশি সময় পর বাংলাদেশে আবারও বসছে এশিয়া কাপ হকির আসর। টুর্নামেন্টে অংশ নিচ্ছে মোট আটটি দল। প্রথম খেলায় আজ ঢাকার মাঠে মুখোমুখি হবে ভারত এবং জাপান। এক সময় বাংলাদেশে হকি বেশ জনপ্রিয় হয়ে উঠলেও পরে ক্রিকেটের কারণে এই খেলার প্রতি বাংলাদেশে আগ্রহ কমে যায়।

(বিবিসি : ০৬৩০ ঘ. ১১/১০/১৭ এলিনা/নারগীস)

গত ৪০ বছরে বিশ্বে শিশুদের মধ্যে স্থূলতার হার বেড়েছে ১০ গুণ

বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদন বলছে, গত ৪০ বছরে বিশ্বে শিশু এবং টিনএজ ছেলে-মেয়েদের মধ্যে শারীরিক স্থূলতা দশগুণ বৃদ্ধি পেয়েছে। ১৯৭৫ সালে যেখানে বিশ্বে স্থূল আকৃতির ছেলেদের সংখ্যা ছিল ষাট লক্ষের মত সেটি ২০১৬ সালে দাঁড়িয়েছে প্রায় সাত কোটিতে। আর এই স্থূলতার সমস্যা উন্নত বিশ্বেই বেশি দেখা যাচ্ছে।

(বিবিসি: ০৭৩০ ঘ. ১১/১০/১৭ আছাদ/নারগীস)

রোহিঙ্গা শরণার্থীদের মধ্যে কলেরার টিকা খাওয়ানো শুরু করেছে সরকার

রোহিঙ্গা শরণার্থীদের কলেরার টিকা খাওয়ানো শুরু করেছে বাংলাদেশ সরকার। স্বাস্থ্য কর্মকর্তারা বলছেন, এ জন্য নয় লাখের মত টিকা উখিয়া ও টেকনাফের বিভিন্ন ক্যাম্পে সরবরাহ করা হয়েছে। নানা বয়সের রোহিঙ্গাদের বিভিন্ন ধাপে এই টিকা খাওয়ানো হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে রোহিঙ্গাদের মধ্যে কলেরা মহামারি আকারে ছড়িয়ে পড়তে পারে এই আশঙ্কা প্রকাশ করার পর বাংলাদেশ সরকার এই উদ্যোগ নিল। এত বিশাল সংখ্যক লোককে কীভাবে এই টিকা খাওয়ানো হচ্ছে, জানতে চেয়েছিলাম কক্সবাজারের সিভিল সার্জন আব্দুস সালামের কাছে:

মি. সালাম : শরণার্থী শিবিরে এক বছর বয়সের উপরে যত লোক আছে তাদের সকলকে টিকা খাওয়ানো হচ্ছে। আমরা মোট সাড়ে ছয় লাখ লোককে কলেরার টিকা খাওয়াবো। আর ৩১শে অক্টোবর থেকে আমরা এক থেকে পাঁচ বছরের বাচ্চাগুলোকে দ্বিতীয় ডোজ খাওয়াবো।

বিবিসি: এই বাচ্চাদের সংখ্যা কত হতে পারে?

মি. সালাম: বাচ্চাদের সংখ্যা এক থেকে পাঁচ বছরের মধ্যে আছে আড়াই লক্ষ, আর এক বছরের উপরে আমরা এখন পর্যন্ত পেয়েছি সাড়ে ছয় লক্ষ।

বিবিসি: এই যে এত শিশু এবং এরা বিভিন্ন জায়গায় ছড়িয়ে-ছিটিয়ে আছেন, এই কাজটা করা কতটা কঠিন মনে হচ্ছে, কত বড় চ্যালেঞ্জ?

মি. সালাম: ১৫০টি টিকা খাওয়ানোর সেন্টার করেছি। আর টেকনাফে ৬০টি টিকা খাওয়ানোর সেন্টার করেছি। প্রতিদিন এক সেন্টারে পাঁচশ লোককে টিকা খাওয়াবো। একটা সেন্টারে আমাদের পাঁচজন ভলানটিয়ার কাজ করছে। পাঁচজনের মধ্যে দু'জন ভলানটিয়ার রোহিঙ্গাদের ভিতর থেকে যারা হয়ে এসছে, ওগুলো ওরা উদ্বুদ্ধ করবে তাদের এলাকার লোকজনকে এখানে আসার জন্য।

বিবিসি: রোহিঙ্গারা কতটা উৎসাহের সঙ্গে নিজে থেকে এখানে আসছেন?

মি. সালাম : আমরা আজ দুইটা ক্যাম্পে কাজ করছি। দুইটা ক্যাম্পে আমাদের ১৫০টা টিম কাজ করছে। ঐ ক্যাম্পের কাজ আজকেই শেষ করবে। ওখানে যত শিশু আছে সবাইকে খাওয়াবো। এরপরে কাল আবার এই একশ' পঞ্চাশটা টিম আরেকটা ক্যাম্পে কাজ করবে। এভাবে তারা কাজ করবে। রোহিঙ্গারা আমাদের কাছে আসছে না, আমরাই ওদের কাছে যাচ্ছি।

বিবিসি: এটা করতে গিয়ে আপনাদের কী ধরনের সমস্যার মধ্যে পড়তে হচ্ছে?

মি. সালাম: আমরা যে এত বিপুল সংখ্যক লোককে আমরা যে নিয়ে এসে খাওয়াচ্ছি এটা একটা বড় চ্যালেঞ্জ। আমরা সহকর্মী হিসেবে পাচ্ছি আমাদের সেনাবাহিনী। ওরা আমাদের খুব হেল্প করছে। কারণ এখানে রোহিঙ্গাদের প্রধানকে মাঝি বলা হয়। আমরা এই মাঝিগুলোকে সাথে নিয়েছি।

বিবিসি: এত শিশুকে টিকা খাওয়াতে আপনাদের কত সময় লাগতে পারে?

মি. সালাম: ৭ দিন লাগবে।

বিবিসি: এখন ওখানে কলেরা বা ডায়রিয়ার কোন প্রকোপ কি দেখা গেছে?

মি. সালাম: কলেরা হয়নি। ডায়রিয়ার রোগী কিছু আছে। (বিবিসি: ২২:৩০ ঘ: ১০/১০/১৭ আছাদ/এলিনা/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

রোহিঙ্গা অনুপ্রবেশকারীর সংখ্যা আবার বেড়ে গেছে

গত কয়েকদিনে মিয়ানমারের রাখাইন থেকে আগত বাংলাদেশে আশ্রয়প্রার্থী রোহিঙ্গার সংখ্যা অনেক বেড়ে গেছে। জানাচ্ছেন ঢাকা থেকে আমির খসরু:

গত কয়েকদিন মিয়ানমারের রাখাইনে ঐ দেশের বাহিনীর অত্যাচার, নির্যাতনের মাত্রা কিছুটা কমে যাওয়ায় বাংলাদেশে আশ্রয়প্রার্থী অভিবাসীর সংখ্যা কিছুটা কমেছিল। কিন্তু আবার ব্যাপক মাত্রায় অত্যাচার, নির্যাতন শুরু হওয়ায় বাংলাদেশে হাজার হাজার রোহিঙ্গা অনুপ্রবেশকারীর সংখ্যা গত ২-৩ দিন ধরে ব্যাপকভাবে বেড়ে গেছে। জাতিসংঘ শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর একজন মুখপাত্র মঙ্গলবার জেনেভা থেকে বলেছেন, এই সংখ্যা আরও ব্যাপকভাবে বেড়ে যেতে পারে এমন আশঙ্কায় ইউএনএইচসিআর সর্বোচ্চ সতর্কতামূলক প্রস্তুতি গ্রহণ করেছে।

এদিকে, ঢাকায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ.এইচ. মাহমুদ আলী আশঙ্কা প্রকাশ করেছেন যে, পরিচয়পত্র থাকার ভিত্তিতে কিছু সংখ্যক রোহিঙ্গাকে ফিরিয়ে নেয়ার মিয়ানমারের প্রস্তাব অপকৌশল মাত্র। পররাষ্ট্রমন্ত্রী মিয়ানমারের উপর আন্তর্জাতিক চাপ জোরদার করার আহ্বান জানিয়েছেন আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি। তিনি জানিয়েছেন, গত ২৫শে আগস্ট থেকে সাম্প্রতিক হিসেবে অন্ততঃ ৩০০০ রোহিঙ্গাকে মিয়ানমার বাহিনী হত্যা করেছে। (ভোয়া : ২২০০ ঘ. ১০/১০/১৭ মোতালেব/নারগীস)

জামায়াতের আমিরসহ তিন নেতা ১০ দিনের রিমান্ডে

বাংলাদেশে আটক জামায়াতে ইসলামীর আমির মকবুল আহমেদসহ কয়েক নেতাকে দু'টি মামলায় পাঁচদিন করে ১০ দিনের রিমান্ডে নেয়া হয়েছে। মতিউর রহমান চৌধুরীর রিপোর্ট:

জামায়াতে ইসলামীর আমির মকবুল আহমাদ, নায়েবে আমির মিয়া গোলাম পারওয়ার ও সেক্রেটারি জেনারেল ডা. শফিকুর রহমানকে দু'টি মামলায় পাঁচদিন করে ১০ দিনের রিমান্ডে নেয়া হয়েছে। গত রাতে উত্তরার একটি বাসা থেকে তাদের গ্রেফতার করা হয়। বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরক দ্রব্য আইনে দু'টি পুরনো মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়। মামলার তদন্ত কর্মকর্তা কদমতলী থানার ওসি সাজু মিয়া ১০ দিনের রিমান্ড চেয়ে আদালতে আবেদন পেশ করেন। আসামীপক্ষের আইনজীবী রিমান্ড আবেদন বাতিল করে তাদের জামিনের আর্জি জানান। আদালত উভয়পক্ষের যুক্তিতর্ক শুনে পাঁচদিন করে ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেন। জামায়াতে ইসলামী এই গ্রেফতারের প্রতিবাদে আগামী বৃহস্পতিবার সারাদেশে সকাল-সন্ধ্যা হরতালের ডাক দিয়েছে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এক বিবৃতিতে এই গ্রেফতারের নিন্দা জানিয়ে অবিলম্বে তাদের মুক্তি দাবি করেছেন।

এদিকে, কুমিল্লার একটি আদালত কর্তৃক খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারির প্রতিবাদে বিএনপি মঙ্গলবার দেশের বিভিন্ন স্থানে প্রতিবাদ মিছিল বের করে। ঢাকা ও বরিশালসহ বেশ কয়েকটি স্থানে পুলিশ প্রতিবাদ মিছিল পণ্ড করে দেয়। (ভোয়া : ২২০০ ঘ. ১০/১০/১৭ মোতালেব/নারগীস)

ঢাকায় দু'দিনের বাংলাদেশ-ভারত নিরাপত্তা সংলাপ শুরু

বাংলাদেশ ও ভারতের মধ্যে দু'দিনব্যাপী নিরাপত্তা সংলাপ শুরু হয়েছে ঢাকায়। আমির খসরুর রিপোর্ট:

সরকারের নীতি-নির্ধারণ ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে নিরাপত্তার কলা-কৌশল নির্ধারণে মঙ্গলবার ঢাকায় শুরু হয়েছে দু'দিনব্যাপী বাংলাদেশ-ভারত নিরাপত্তা সংলাপ। এ আলোচনায় উভয় দেশের উচ্চপর্যায়ের ব্যক্তিবর্গ অংশ নিচ্ছেন। সংলাপে রোহিঙ্গা সঙ্কট, বাংলাদেশ-ভারত সম্পর্ক ও চীনের ভূমিকাসহ বিভিন্ন বিষয়ে প্রথমদিন আলোচনা করা হয়। উদ্বোধন অধিবেশনে বাংলাদেশের প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী বলেন, রোহিঙ্গা সঙ্কটের কারণে বাংলাদেশ-ভারত ও মিয়ানমারসহ আঞ্চলিক নিরাপত্তার উপর সুদূরপ্রসারী নেতিবাচক প্রতিক্রিয়া দেখা দিতে পারে। আলোচনা অনুষ্ঠানে ভারতের সাবেক রাষ্ট্রদূত ও বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব ফারুক সোবহান বক্তব্য রাখেন।

(ভোয়া : ২২০০ ঘ. ১০/১০/১৭ মোতালেব/নারগীস)

রেডিও তেহরান

প্রধান বিচারপতির ছুটি প্রসঙ্গে আওয়ামী লীগ ও বিএনপির ভিন্ন ভিন্ন মতপ্রকাশ

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিন্হার বিদেশ যাওয়া নিয়ে রাজনীতি না করার আহ্বান জানিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেছেন, প্রধান বিচারপতি অসুস্থ হয়ে চিকিৎসকের কাছে যাচ্ছেন। তিনি চিকিৎসার জন্য বিদেশ যাবেন নিজের ইচ্ছায়। আজ রাজধানীর একটি হোটেলে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ নাসিম এ কথা বলেন। অপরদিকে, বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে বলেছেন, প্রধান বিচারপতিকে অসুস্থ করে যারা তাকে ছুটিতে পাঠাতে বাধ্য করছেন, তারাই একদিন আপনাকে অসুস্থ করে ছুটিতে পাঠাতে

পারেন। তাই স্বাভাবিক পরিস্থিতিকে স্বাভাবিকভাবে চলতে দিন। অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হলে কোন দলই লাভবান হবে না। (রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১০/১০/১৭ এলিনা/নারগীস)

বিদেশে যাওয়ার জন্য ছুটি চেয়ে প্রেসিডেন্টের কাছে চিঠি দিয়েছেন প্রধান বিচারপতি

বাংলাদেশের প্রধান বিচারপতি এস. কে. সিন্হা বিদেশে যাওয়ার জন্য অনুমতি চেয়ে প্রেসিডেন্ট মোহাম্মদ আবদুল হামিদকে অবহিত করে একটি চিঠি দিয়েছেন। ১৩ই অক্টোবর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত ছুটি চেয়ে লেখা চিঠিটি আজ বিকেল পৌনে ৪টার দিকে আইন সচিবের দপ্তরে পৌঁছায় বলে আইন মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে।
(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১০/১০/১৭ এলিনা/নারগীস)

আগামী নির্বাচন প্রসঙ্গে বিকল্প ধারার প্রস্তাব

আগামী জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার জন্য বিকল্প ধারা বাংলাদেশ নবম জাতীয় সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দল নিয়ে নির্বাচনকালীন অন্তর্বর্তী সরকার গঠনের প্রস্তাব দিয়েছে। একইসাথে নির্বাচনের একমাস আগে সেনাবাহিনী মোতায়েনসহ নির্বাচন কমিশনকে তেরদফা লিখিত প্রস্তাব দিয়েছে দলটি। আজ নির্বাচন কমিশনের সাথে বিকল্প ধারা বাংলাদেশের সংলাপ অনুষ্ঠানে দলটির পক্ষ থেকে এসব প্রস্তাব দেয়া হয়। দলের সভাপতি বদরুদ্দোজা চৌধুরীর নেতৃত্বে ১৪ সদস্যের প্রতিনিধিদল মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। বিকল্প ধারা দাবি করেছে, নির্বাচনের একমাস পূর্বে এবং ভোট শেষের পনরদিন পর্যন্ত শান্তি-শৃঙ্খলা রক্ষা এবং বিশেষ করে ভোটের দিন ভোটার প্রার্থীদের নিরাপত্তা বিধান করার দায়িত্বে সেনাবাহিনীকে নিয়োজিত রাখতে হবে। বৈঠকে বিকল্প ধারা বাংলাদেশ আশা করেছে, প্রধান নির্বাচন কমিশনারসহ অন্যান্য কমিশনারগণ অবশ্যই তাদের উপর জাতির যে প্রত্যাশা তা পূরণে নিরপেক্ষ থাকবেন। দলের নেতারা দাবি করেছেন, ভোটারতালিকা নির্ভুল এবং হালনাগাদ করতে হবে। প্রয়োজনে সামরিক বাহিনীর সাহায্য নিতে হবে।
(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১০/১০/১৭ খালেদা/নারগীস)

রেডিও জাপান

পারমাণবিক দুর্ঘটনায় মানসিক যন্ত্রণায় ভুক্তভোগীদের ক্ষতিপূরণের আদেশ ফুকুশিমা জেলা আদালতের

ফুকুশিমার জেলা আদালত, সরকার ও ফুকুশিমা দায়িচি পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের পরিচালক কোম্পানীকে ২০১১ সালের পরমাণু দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মানসিক যন্ত্রণায় ভোগা লোকজনকে ক্ষতিপূরণ প্রদানের আদেশ দিয়েছে। প্রায় তিন হাজার আটশ' ব্যক্তির ২০১৩ সালে দায়ের করা মামলায় আজকের এই রায় দেওয়া হয়। বিদ্যুৎকেন্দ্রে আঘাত হানা সুনামী পূর্বাভাসযোগ্য ছিল কি-না এবং সরকার ও বিদ্যুৎকেন্দ্রের পরিচালক, টোকিওর একটি পাওয়ার কোম্পানী টেপকো প্রতিরোধ পদক্ষেপ নিতে পারতো কি-না মামলায় সেদিকে নজর দেওয়া হয়। সভাপতি হিদিকি কানাজোয়া বলেছেন, নিরাপত্তা নিশ্চিত করার প্রাথমিক দায়িত্ব টেপকোর উপর থাকলেও রাষ্ট্রও দায়িত্ব এড়াতে পারে না। তিনি বলেছেন, সরকার তার নিজের ২০০২ সালের টাক্সফোর্সে প্রকাশিত উপাত্তের ভিত্তিতে কৃত্রিম পরীক্ষা চালালে সুনামী যে বিদ্যুৎকেন্দ্রকে ভাসিয়ে দিতে পারে তার পূর্বাভাস পাওয়া সম্ভব হতো। তিনি আরও বলেন, সরকার তখন নিরাপত্তা নিশ্চিত করার আদেশ টেপকোকে দিলে দুর্ঘটনা এড়িয়ে যাওয়া হয়ত সম্ভব ছিল। আদালত মামলার ২৯০০ জন বাদীকে ৪৪ লক্ষ ডলার পরিশোধের আদেশ টেপকোকে দিয়েছে এবং এই পরিমাণের অর্ধেক সরকার বহন করবে। জাপানের ১৮টি জেলার ১২ হাজারের বেশি মানুষ এই দুর্ঘটনা নিয়ে মামলা করেছেন। (রে. জাপান : ২১:০০ ঘ. ১০/১০/১৭ এলিনা/হেলাল)

রেডিও এবিসি

আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক উপ-কমিটিতে স্থান পাচ্ছে সরকারি চাকুরিরত ১১জন শিক্ষক

ক্ষমতাসীন আওয়ামী লীগের শিক্ষা এবং মানবসম্পদ বিষয়ক উপ-কমিটিতে স্থান পাচ্ছে সরকারি চাকুরিরত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১১ জন শিক্ষক। সোমবার ৪৯ সদস্যের শিক্ষা এবং মানবসম্পদ বিষয়ক উপ-কমিটির একটি খসড়া তালিকায় তাদের নাম রয়েছে। তালিকা অনুযায়ী কমিটির আহ্বায়ক হয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আঃ খালেক এবং সদস্য সচিব আওয়ামী লীগের শিক্ষা এবং মানবসম্পদ বিষয়ক সম্পাদক শামসুন্নাহারের নাম।
(রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

লেবার পার্টির চেয়ারম্যানসহ ৪ জন আটক

লেবার পার্টির চেয়ারম্যান মুস্তাফিজুর রহমান ইরানসহ ৪ জনকে চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে থেকে আটক করেছে পুলিশ। দলীয় একটি কর্মসূচিতে অংশ নিতে তিনি ঢাকা থেকে চট্টগ্রাম গিয়েছিলেন। লেবার পার্টির ঐ অনুষ্ঠানে অতিথি ছিলেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। (রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

ব্রাহ্মণবাড়িয়ায় ১১টি মামলার আসামীর গুলিবিদ্ধ লাশ উদ্ধার

ব্রাহ্মণবাড়িয়ার ১১টি মামলার আসামী ওবায়দুর রহমান ওরফে লিংকন নামের এক ব্যক্তির গুলিবিদ্ধ লাশ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার সকালে সদর উপজেলার গজারিয়া এলাকায় কুমিল্লা-সিলেট মহাসড়কের পাশের ঝোপ থেকে লাশটি উদ্ধার করা হয়। (রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

বিজিএমইএ ভবনের মালিক শক্তিশালী বলেই তা এতদিন টিকে আছে: সৈয়দা রেজওয়ানা হাসান

বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, বিজিএমইএ ভবনের মালিক যদি আমি বা আমার মত সাধারণ মানুষ হত, তবে কি তা এতদিন টিকে থাকত? এ অবৈধ ভবন শক্তিশালীদের। আর সেজন্যই তা এতদিন টিকে আছে। মঙ্গলবার প্রেসক্লাবে গোলটেবিল আলোচনায় রিজওয়ানা হাসান এসব কথা বলেন।
(রেডিও এবিসি : ১৮:০০ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

ঢাবি উপাচার্য নির্বাচনে সিনেটের বিশেষ সভার নোটিশ অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নির্বাচনে তিন সদস্যের মনোনীত করতে সিনেটে ২৯শে জুলাই ডাকা বিশেষ সভার নোটিশ অবৈধ ঘোষণা করেছেন হাইকোর্ট। একইসঙ্গে সভায় মনোনীত তিন সদস্যের প্যানেলকে অবৈধ ঘোষণা করা হয়েছে। সেই সঙ্গে ছয় মাসের মধ্যে যথাযথভাবে সিনেট গঠনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে।
(রেডিও এবিসি : ১৮:০০ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

গাজীপুরে বেদখল হওয়া খাস জলাশয় ও পুকুর পুনরুদ্ধারের নির্দেশ হাইকোর্টের

গাজীপুরে বেদখল হওয়া খাস জলাশয় ও পুকুর পুনরুদ্ধার করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পুনরুদ্ধারে কী পদক্ষেপ নেয়া হয়েছে এবং খাস জলাশয়ের তালিকা আগামী ৩০ দিনের মধ্যে জমা দিতে জেলা প্রশাসককে বলা হয়েছে। তিন বিচারপতি সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ মঙ্গলবার স্বপ্রণোদিত হয়ে রুলসহ এ আদেশ দেন।
(রেডিও এবিসি : ১৮:০০ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

রেডিও টুডে

ই.ইউ-এর বৈঠকে মিয়ানমারের উপর অর্থনৈতিক অবরোধ আরোপের ঘোষণা আসতে পারে: পররাষ্ট্রমন্ত্রী

আগামী ১৬ই অক্টোবর ব্রাসেল্সে ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে মিয়ানমারের উপর অর্থনৈতিক অবরোধ আরোপের বিষয়ে ঘোষণা আসতে পারে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ.এইচ. মাহামুদ আলী। সকালে বাংলাদেশ ইন্সটিটিউট অফ ইন্টারন্যাশনাল স্ট্রাটেজিক স্টাডিজ, বিস আয়োজিত 'রোহিঙ্গা সঙ্কট : বাংলাদেশ কর্তৃক গৃহীত পদক্ষেপ ও পর্যালোচনা' বিষয়ক এক গোলটেবিল আলোচনায় তিনি একথা বলেন। এ সময় মিয়ানমার কর্তৃপক্ষ রোহিঙ্গা প্রত্যাবাসন প্রশ্নে যে প্রস্তাব দিয়েছে তা দেশটির উপর আন্তর্জাতিক চাপ কমানোর কৌশল হতে পারে বলে মন্তব্য করেন পররাষ্ট্রমন্ত্রী।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

রোহিঙ্গাদের ব্যাপারে জাতিসংঘের সার্বক্ষণিক পর্যবেক্ষণ রয়েছে বলে জানিয়েছেন সংস্থাটির মহাসচিব

মিয়ানমারে সরকারি বাহিনীর দমন-পীড়নের মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের বিষয়ে জাতিসংঘের সার্বক্ষণিক পর্যবেক্ষণ রয়েছে বলে জানিয়েছেন সংস্থাটির মহাসচিব আন্তেনিও গুতেরেজ। যুক্তরাষ্ট্র সফররত অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে নিউইয়র্কে স্থানীয় সময় সোমবার এক সাক্ষাতে জাতিসংঘ মহাসচিব একথা জানান বলে জাতিসংঘের বাংলাদেশ মিশন থেকে পাঠানো এক সংবাদ-বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। রোহিঙ্গাদের মানবিক সহযোগিতা দেয়ার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারের পাশাপাশি বাংলাদেশের জনগণকেও ধন্যবাদ জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব।
(রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

নৌকাডুবিতে আরও ১১ জনের মৃতদেহ উদ্ধার

কক্সবাজারের টেকনাফে বঙ্গোপসাগরে গত রবিবার রাতে ট্রলারডুবির ঘটনায় শাহ্‌পরী দ্বীপ ও সেন্টমার্টিন থেকে আজ আরও ১১ রোহিঙ্গার মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। এ নিয়ে দু'দিনে ১৩ শিশুসহ মৃতের সংখ্যা দাঁড়ালো ২৫ জনে। এদিকে, আজ বেলা আড়াইটা থেকে কক্সবাজারের বিভিন্ন শরণার্থী ক্যাম্পে থাকা সাড়ে ৬ লাখ রোহিঙ্গাকে কলেরার টিকা খাওয়ানোর কর্মসূচি শুরু করতে যাচ্ছেন সরকার। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

সৌদি দূতাবাস কর্মকর্তা হত্যা মামলা পুনরায় শুনানি করবে আপিল বিভাগ

সৌদি দূতাবাসের কর্মকর্তা খালাফ আল আলীর হত্যা মামলায় আসামীপক্ষের আপিলের উপর পুনরায় শুনানি করবে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রাষ্ট্র ও আসামী পক্ষের করা আপিলের উপর রায় ঘোষণার জন্য আজ দিন ধার্য থাকলেও তা প্রস্তুত না হওয়ায় এবং এক আসামীর আইনজীবীর আবেদনের প্রেক্ষিতে নতুন করে শুনানির জন্য আগামী ১৭ই অক্টোবর দিন ধার্য করা হয়েছে। সকালে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মোঃ আবদুল ওয়াহাব মিয়ার নেতৃত্বে পাঁচ সদস্যের আপিল বেঞ্চ এই আদেশ দিয়েছেন। ২০১২ সালের ৫ই মার্চ রাতে রাজধানী গুলশান এলাকায় গুলিবিদ্ধ হন খালাফ আল

আলী। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এছাড়া, একই আদালত '৭১ এর মানবতা বিরোধী অপরাধে ফাঁসির দণ্ডপ্রাপ্ত জামায়াত নেতা আবদুস সোবহান, এ.টি.এম. আজহারুল ইসলাম ও জাতীয় পার্টির সাবেক প্রতিমন্ত্রী সৈয়দ মোঃ কায়সারের আপিল শুনানির জন্য আগামী ২১শে নভেম্বর দিন ধার্য করেছেন আপিল বিভাগ। আসামীর পক্ষে করা এক আবেদনের প্রেক্ষিতে আজ এই আদেশ দেন আদালত। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অবৈধ ঘোষণার রায় আপিল বিভাগে স্থগিত

নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত স্থগিত করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। রাষ্ট্রপক্ষের সময় আবেদনের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির নেতৃত্বাধীন পাঁচ সদস্যের পূর্ণাঙ্গ আপিল বেঞ্চ আজ এই আদেশ দেন। ফলে, নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা সংক্রান্ত ২০০৯ সালের আইনের একটি ধারা ও উপ-ধারাকে অবৈধ এবং অসাংবিধানিক ঘোষণা করে গত ১১ই মে রায় দেন হাইকোর্ট। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

নির্বাচন সংশ্লিষ্ট সবাইকে ধর্মগ্রন্থ স্পর্শ করে নিরপেক্ষতা বজায় রাখার প্রস্তাব বিকল্প ধারা বাংলাদেশের

বর্তমান সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে বিকল্প ধারা বাংলাদেশের সভাপতি অধ্যাপক এ.কিউ.এম. বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, যেহেতু বর্তমান সরকার বৈধ নয়, তাই নবম সংসদের সদস্য এবং বিরোধী দলের সদস্যদের নিয়ে একটি সর্বদলীয় সরকার গঠন করে আগামী জাতীয় সংসদ নির্বাচন দেয়ার প্রস্তাব দিয়েছে তার দল। দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে ধারাবাহিক সংলাপে অংশ নিয়ে দলটির পক্ষ থেকে এই প্রস্তাব দেয়া হয়। একইসাথে প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন সংশ্লিষ্ট সবাইকে নির্বাচনের আগে নিজ নিজ ধর্মগ্রন্থ স্পর্শ করে নিরপেক্ষতা বজায় রাখার ওয়াদা করার পাশাপাশি 'না ভোট' রাখার প্রস্তাবও দেয় দলটি। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

স্বৈরাচার সরকার পতনের আগে কিছু আলামত দেখা যায় যা বর্তমানে হচ্ছে: গয়েশ্বর চন্দ্র রায়

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, স্বৈরাচার সরকারের পতনের আগে কিছু অস্বাভাবিক ঘটনা ঘটে তার আলামত এখন দেশে চলছে। এ সময় তিনি দাবি করেন, প্রধান বিচারপতি এস. কে. সিন্‌হা কোন ছুটির আবেদনপত্র লেখেননি। চিঠিটি সরকারের বিশেষ কর্তৃপক্ষ নামের অদৃশ্য শক্তি লিখেছে যারা প্রধান বিচারপতিকে ছুটি নিতে বাধ্য করেছেন বলে এখন সাধারণ মানুষের মধ্যে আলোচনা চলছে। আর গোটা বিচার বিভাগকে সরকারের নিয়ন্ত্রণে রাখতে এসব ষড়যন্ত্র করা হচ্ছে বলে অভিযোগ করে বিএনপির এই নেতা। দুপুরে জাতীয় প্রেসক্লাবে নাগরিক অধিকার আন্দোলন ফোরাম আয়োজিত এক গোলটেবিল বৈঠকে তিনি একথা বলেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

দুই জঙ্গীকে আটক করেছে র‍্যাব

নারায়ণগঞ্জে অভিযান চালিয়ে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন জেএমবি'র দুই সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব। সকালে র‍্যাবের পক্ষ থেকে পাঠানো এক মোবাইল এসএমএস-এ এই তথ্য জানানো হয়েছে। গত রাতে গ্রেফতার হওয়া ঐ দু'জন হ'ল সম্রাট মিয়া ও শাহ্‌জাহান হোসেন। র‍্যাবের দাবি, তারা রাজধানীর মিরপুরে গত মাসের ৫ তারিখে অভিযানে নিহত জঙ্গী আবদুল্লাহ্‌র সহযোগী। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

মুক্তা-মনির অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন

বিরল রোগে আক্রান্ত সাতক্ষীরার শিশু মুক্তা-মনির হাতে চামড়া লাগানোর অস্ত্রোপচার সফলভাবে সম্পূর্ণ হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকেরা। এখন তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে রাখা হয়েছে। এর আগে সকাল সাড়ে ৮টার কিছু পর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের দ্বিতীয় তলায় অস্ত্রোপচার কক্ষে নেয়া হয় মুক্তা-মনিকে। সেখানে পৌনে ১০টায় শুরু হয় অস্ত্রোপচার। আজ মুক্তা-মনির হাতের চামড়া লাগানোর কাজ ৫০ শতাংশ শেষ হয়েছে। পরবর্তী অস্ত্রোপচারের জন্য আরও দুই সপ্তাহ অপেক্ষা করতে হবে বলে জানিয়েছেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটের সমন্বয়ক ডাঃ সামন্তলাল সেন। (রেডিও টুডে : ১৩:৪৫ ঘ. ১০/১০/১৭ সাইফুর/আহমেদ)

আবারও ঢল নামতে পারে রোহিঙ্গা শরণার্থীদের

মিয়ানমার থেকে বাংলাদেশে আবারও রোহিঙ্গা শরণার্থীদের ঢল নামতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। স্থানীয় সময় আজ জেনেভায় এক সাংবাদিক সম্মেলনে সংস্থাটির মুখপাত্র এমব্রিয়ান অ্যাড এডওয়ার্স একথা জানিয়ে বলেন, নতুন করে বিপুল শরণার্থী আগমণের বিষয়ে বাংলাদেশ সরকারের সাথে মিলিতভাবে প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছে ইউএনএইচসিআর। মিয়ানমারে নির্যাতনের মুখে সীমান্তের বিভিন্ন পয়েন্ট দিয়ে সোমবার অন্ততঃ ১১ হাজার রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে এসেছে বলে জানিয়েছে সংস্থাটি। নতুন করে আসা রোহিঙ্গাদের অধিকাংশই বুধিডং এলাকা থেকে আসা বলে জানিয়েছে ইউএনএইচসিআর। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

রোহিঙ্গা ইস্যুতে শিগ্‌গিরই মিয়ানমার সফরে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে শিগ্‌গিরই তিনি মিয়ানমার সফরে যাবেন, আর সে সফরের প্রধান এজেন্ডা হবে রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে কীভাবে ফেরত নিবে মিয়ানমার। মিয়ানমারের সামরিক বাহিনীর

হেলিকপ্টার বাংলাদেশে ২৮বার প্রবেশ করেছে যার প্রতিবাদও জানানো হয়েছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ সরকার কোন যুদ্ধে বিশ্বাস করে না, কূটনৈতিক উপায়েই রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে দিতে সক্ষম হবে সরকার। রোহিঙ্গা ইস্যুতে বিকেলে জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক আলোচনা সভায় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, এখন পর্যন্ত ২১ জন রোহিঙ্গার এইচআইভি শনাক্ত করা হয়েছে। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

বিদেশে যাওয়ার অনুমতি চেয়ে রাষ্ট্রপতিকে চিঠি পাঠিয়েছেন প্রধান বিচারপতি

এবার শারীরিকভাবে অসুস্থতা এবং মানসিকভাবে অবসাদগ্রস্ততার কারণ দেখিয়ে বিশ্রামের জন্য বিদেশে যাওয়ার অনুমতি চেয়ে রাষ্ট্রপতি মোহাম্মদ আবদুল হামিদকে চিঠি পাঠিয়েছেন প্রধান বিচারপতি এস.কে. সিন্‌হা। আগামী ১৩ই অক্টোবর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত বিদেশে অবস্থানের অনুমতি চেয়েছেন তিনি। বিকেলে আইন মন্ত্রণালয়ের পাঠানো চিঠি প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে অনুমোদনের জন্য রাষ্ট্রপতির কার্যালয়ে যাবে বলে জানা গেছে। আজকের চিঠির বিষয়টি নিশ্চিত করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

ছুটি শেষে প্রধান বিচারপতিকে দায়িত্বে বসতে দেয়া হবে কি-না তা নিয়ে আশঙ্কা মির্জা ফখরুলের

ছুটি শেষে প্রধান বিচারপতি এস. কে. সিন্‌হা ফিরলে তাকে আর দায়িত্বে বসতে দেয়া হবে কি-না তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বিকেলে জাতীয় প্রেসক্লাবে শহীদ জিহাদ দিবসের আলোচনা সভায় তিনি এ আশঙ্কা প্রকাশ করেন। মির্জা ফখরুল বলেন, আওয়ামী লীগ এককভাবে ক্ষমতায় থাকতে চায়, তাই ভিন্ন কৌশলে বাকশাল কায়েম করছে। রাষ্ট্রের সবগুলো প্রতিষ্ঠান ধ্বংস করে সরকার আশা-ভরসার শেষ আশ্রয়স্থল বিচার বিভাগকেও ধ্বংস করছে বলেও মন্তব্য করেন বিএনপি মহাসচিব। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারির প্রতিবাদে বিক্ষোভ করেছে বিএনপির অঙ্গ সংগঠনগুলো

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারির প্রতিবাদে দেশের বিভিন্ন স্থানে আজ বিক্ষোভ করেছেন দলটির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। এ সময় পুলিশের লাঠিচার্জে আহত হয়েছেন অনেকে। এর মধ্যে লক্ষ্মীপুরে জেলা যুবদল শহরের তিতাখা জামে মসজিদের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের করলে পুলিশের বাধায় তা পণ্ড হয়ে যায়। এর আগে সেখানকার চকবাজার এলাকায় স্বেচ্ছাসেবক দল বিক্ষোভ মিছিল বের করলে তা পুলিশী বাধায় পণ্ড হয়ে যায়। এদিকে, বরিশালে যুবদলের বিক্ষোভ মিছিলে লাঠিচার্জ করেছে পুলিশ। এ সময় পাঁচজন আহত হন। আর ঝালকাঠির ফায়ার সার্ভিস সড়কে যৌথ বিক্ষোভ মিছিল বের করে যুবদল ও স্বেচ্ছাসেবক দল।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

আদালতের রায়ের বিরুদ্ধে যে কোন বিক্ষোভ আদালতকে অমান্য করা: ওবায়দুল কাদের

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আদালতের রায়ের বিরুদ্ধে যে কোন ধরনের বিক্ষোভ বা প্রতিবাদ করার অর্থ আদালতকে অমান্য করা। কুমিল্লায় খালেদা জিয়ার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারির প্রতিবাদে বিএনপির ডাকা বিক্ষোভ কর্মসূচির প্রতিক্রিয়ায় তিনি একথা বলেছেন। দুপুরে নারায়ণগঞ্জের সোনারগাঁও মেঘনার টোল প্লাজায় সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

জামায়াতে ইসলামীর আমির মকবুল আহমদসহ আট নেতার বিরুদ্ধে ১০দিনের রিমান্ড মঞ্জুর

নাশকতার পরিকল্পনার অভিযোগে গ্রেফতার জামায়াতে ইসলামীর আমির মকবুল আহমাদ ও সেক্রেটারি জেনারেল ডা. শফিকুর রহমানসহ দলটির আট নেতার প্রত্যেকের বিরুদ্ধে পৃথক দু'টি মামলায় পাঁচদিন করে দশদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। বিস্ফোরক ও বিশেষ ক্ষমতা আইনের দুই মামলায় গ্রেফতার দেখিয়ে ঢাকা মহানগর হাকিম আদালতে তাদের হাজির করে প্রত্যেকের বিরুদ্ধে দশদিন করে কুড়িদিনের রিমান্ড আবেদন জানায় পুলিশ। শুনানি শেষে দশদিনের রিমান্ড মঞ্জুর করেন বিচারক মোঃ গোলাম নবী। গত রাত ৯টার দিকে উত্তরার একটি বাসায় বৈঠককালে তাদের আটক করা হয়।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

চট্টগ্রাম থেকে লেবার পার্টির চেয়ারম্যানসহ পাঁচ নেতা গ্রেফতার

চট্টগ্রাম নগরী থেকে কুড়ি দলীয় জোটের শরিক লেবার পার্টির চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান ইরানসহ পাঁচ নেতাকে গ্রেফতার করেছে চট্টগ্রাম মহানগর পুলিশ। দুপুর ১২টার দিকে চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে থেকে তাদের গ্রেফতার করা হয়। লেবার পার্টির ৪০তম বার্ষিকীর আলোচনা সভা শেষে বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভীসহ দলীয় নেতা-কর্মীদের নিয়ে প্রেসক্লাব থেকে বের হন ইরান। এর পরপরই তিনিসহ আরও চার নেতাকে গ্রেফতার করে পুলিশ।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

বর্তমান সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন এ. কিউ. এম. বদরুদ্দোজা চৌধুরী

বর্তমান সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে বিকল্প ধারা বাংলাদেশের সভাপতি অধ্যাপক এ.কিউ.এম. বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, নবম জাতীয় সংসদের সদস্যদের নিয়ে সর্বদলীয় সরকার গঠন করে আগামী জাতীয় সংসদ নির্বাচন দেয়ার প্রস্তাব

দিয়েছে তার দল। দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের সাথে সংলাপে অংশ নিয়ে দলটির পক্ষ থেকে এ প্রস্তাব দেয়া হয়। একইসাথে প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন সংশ্লিষ্ট সবাইকে নির্বাচনের আগে নিজ নিজ ধর্মগ্রন্থ স্পর্শ করে নিরপেক্ষতা বজায় রাখতে অঙ্গীকার করার আহ্বান জানিয়েছে দলটি।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

এনবিআর-এর নিরাপত্তায় সরকার সব ধরনের ব্যবস্থা নিতে প্রস্তুত: অর্থ প্রতিমন্ত্রী

জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর'র নিরাপত্তায় সরকার সব ধরনের ব্যবস্থা নিতে প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন অর্থ প্রতিমন্ত্রী এম. এ. মান্নান। বিকেলে রাজধানীর সেগুন বাগিচায় এনবিআর ভবনে জাতীয় রাজস্ব বোর্ডের নিরাপত্তা বিষয়ক অংশীদারিত্বমূলক সংলাপে অংশ নিয়ে তিনি একথা বলেন। এ সময়ে কর আদায়ে নতুন নতুন উৎস খুঁজে বের করতে এনবিআরকে তাগিদ দেন অর্থ প্রতিমন্ত্রী। ঐ সংলাপে এনবিআর-এর সামগ্রিক কর্মকাণ্ডের নিরাপত্তায় রেভিনিউ ফোর্স গঠনসহ বেশকিছু প্রস্তাব তুলে ধরেন শুল্ক গোয়েন্দা বিভাগের মহাপরিচারক ড. মঈনুল খান।
(রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

বগুড়ায় মা-মেয়ে নির্যাতন মামলায় মূল আসামী তুফানসহ ১৩ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল

বগুড়ায় মা-মেয়ে নির্যাতনের আলোচিত মামলায় মূল আসামী তুফান সরকার। তার স্ত্রী আশা ও বগুড়া পৌরসভার সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর রুমকী বেগমসহ ১৩ জনের বিরুদ্ধে সন্ধ্যায় আদালতে অভিযোগপত্র দিয়েছেন তদন্তকারী কর্মকর্তা। মামলার তদন্তকারী কর্মকর্তা আবুল কালাম আজাদ জানান, নারী ও শিশু নির্যাতন দমন আইন ও অঙ্গহানীর মামলায় মোট ১৩ জনকে অভিযুক্ত করা হয়েছে। দু'টি মামলার মধ্যে নারী ও শিশু নির্যাতন দমন আইনে ১০ জন এবং অপর একটি মামলায় এ ১০ জনসহ আরও তিনজনকে অভিযুক্ত করা হয়েছে। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আহমেদ)

চট্টগ্রামের সাতকানিয়া থেকে একটি মন্দিরে সেবায়েত ও তার স্ত্রীর মৃতদেহ উদ্ধার

চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় একটি মন্দিরের সেবায়েত স্বপন দে এবং তার স্ত্রী শিমুলের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। দুপুরে উপজেলার ফকিরখালী হিন্দুপাড়া এলাকার মগদেশ্বরী মন্দির সংলগ্ন একটি কক্ষ থেকে তাদের লাশ উদ্ধার করা হয়। তারা আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন সাতকানিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রফিকুল হোসেন। (রেডিও টুডে : ১৮:৪৫ ঘ. ১০/১০/১৭ সোনিয়া/আশরাফ)

আগামীকাল সারা দেশে সকাল-সন্ধ্যা হরতাল ডেকেছে জামায়াতে ইসলামী

নাশকতার পরিকল্পনার অভিযোগে জামায়াতে ইসলামির আমীর মকবুল আহমাদসহ দেলের শীর্ষ পর্যায়ের ৮ নেতাকে গ্রেফতার এবং তাদের রিমান্ডে নেওয়ার প্রতিবাদে আগামীকাল বৃহস্পতিবার সারা দেশে সকাল-সন্ধ্যা হরতাল ডেকেছে জামায়াতে ইসলামী। গতরাতে এক সংবাদ বিজ্ঞপ্তিতে দলটি আরও জানিয়েছে, নেতাদের মুক্তির দাবিতে আজ সারা দেশে বিক্ষোভ এবং শুক্রবার দোয়া মাহফিল করা হবে। কেন্দ্র ঘোষিত কর্মসূচি শান্তিপূর্ণভাবে পালন করতে দলীয় নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন জামায়াতের ভারপ্রাপ্ত আমীর মুজিবুর রহমান। (রে. টুডে : ০৮:৪৫ ঘ: ১১/১০/১৭ এলিনা/হেলাল)

মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতনের কথা স্বীকার করেছেন সেই দেশের মানবাধিকার কমিশনের চেয়ারম্যান

মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতনের কথা স্বীকার করেছেন দেশটির জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ইউ উইন মারা। বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশনের পাঠানো এক চিঠির জবাবে উইন মারা স্বীকার করেন তার দেশের মানুষ বাধ্য হয়ে বাংলাদেশে পালিয়ে যাচ্ছে। তবে চিঠির কোথাও রোহিঙ্গা শব্দটি উল্লেখ করেননি তিনি। গতকাল রাজধানীর কাওরান বাজারে নিজস্ব কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ: ১১/১০/১৭ খালেদা/হেলাল)

:: সমাপ্ত ::